

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

মুখ্যপত্র

www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/ মুখ্যপত্র/০২/২০২৪/১০৭

তারিখ: ১৪ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
২৭ এপ্রিল ২০২৫ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: পুঁজিবাজার সংস্কার টাঙ্কফোর্স এর ‘মার্জিন রুলস’ সংক্রান্ত চূড়ান্ত সুপারিশ প্রসঙ্গে।

বাংলাদেশের পুঁজিবাজারের উন্নয়ন ও বাজারের সুশাসন নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) কর্তৃক গঠিত পুঁজিবাজার সংস্কার টাঙ্কফোর্স অন্য ২৭ এপ্রিল ২০২৫ তারিখে কমিশনের নিকট মার্জিন রুলস, ১৯৯৯ এর যুগোপযোগীকরণের বিষয়ে চূড়ান্ত সুপারিশ পেশ করেছে। বিএসইসি’র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ, কমিশনার জনাব মোঃ আলী আকবর ও কমিশনার জনাব জনাব ফারজানা লালুরুখ এর উপস্থিতিতে ‘পুঁজিবাজার সংস্কার টাঙ্কফোর্স’ উক্ত সুপারিশসমূহ কমিশনের নিকট আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করে। সুপারিশসমূহ হস্তান্তরের সময় টাঙ্কফোর্সের সদস্য বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) বিএসই বিভাগের অধ্যাপক মো. মোস্তফা আকবর এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের অ্যাকাউন্টিং ইনফরমেশন সিস্টেমস বিভাগের সহযোগী অধ্যাপক আল-আমিন উপস্থিত ছিলেন।

এসময় বিএসইসি’র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ অন্যান্যের মধ্যে বলেন, “বিএসইসি ও পুঁজিবাজার সংস্কার টাঙ্কফোর্স দেশের পুঁজিবাজারের সংস্কারের বিষয়ে পুঁজিবাজার সংশ্লিষ্ট পক্ষ গুলোকে সাথে নিয়ে সকলের পরামর্শ ও মতামতের আলোকে সংস্কারের জন্য কাজ করছে। পুঁজিবাজার সংস্কার টাঙ্কফোর্স এর চূড়ান্ত সুপারিশের দ্রুত বাস্তবায়নে বিএসইসি তাৎক্ষণিক পদক্ষেপ গ্রহণ করবে। মার্জিন রুলস, ১৯৯৯ এর যুগোপযোগীকরণ সংক্রান্ত পুঁজিবাজার সংস্কার টাঙ্কফোর্সের চূড়ান্ত সুপারিশের কার্যকর বাস্তবায়নের মাধ্যমে দেশের পুঁজিবাজারের মার্জিন খণ্ড সংক্রান্ত জটিলতার স্থায়ী সমাধান হবে।”

উল্লেখ্য, গত ৭ অক্টোবর ২০২৪ তারিখে বাংলাদেশের পুঁজিবাজারের সার্বিক উন্নয়ন, বিনিয়োগকারীদের আস্থা বৃদ্ধি এবং পুঁজিবাজারে আন্তর্জাতিক মানের সুশাসন নিশ্চিত করার লক্ষ্যে পাঁচ সদস্যের একটি বিশেষ পুঁজিবাজার সংস্কার টাঙ্কফোর্স গঠন করে বিএসইসি। পরবর্তীতে টাঙ্কফোর্স এর পরামর্শে এবং তাদের কাজের সহযোগিতার জন্য পুঁজিবাজারের সঙ্গে সম্পৃক্ত ও অভিজ্ঞ ব্যক্তিদের সমন্বয়ে ‘পুঁজিবাজার সংস্কার ফোকাস গুপ’ গঠন করা হয়। গত ১০ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে পুঁজিবাজার সংস্কার টাঙ্কফোর্স কমিশনের নিকট মার্জিন রুলস, ১৯৯৯ এর যুগোপযোগীকরণের বিষয়ে খসড়া সুপারিশ জমা দিয়েছিল। পরবর্তীতে উক্ত খসড়া সুপারিশ এর উপর সংশ্লিষ্ট সকলের মতামত আহ্বান করা হয়। উক্ত মতামত বিবেচনায় নিয়েই পুঁজিবাজার সংস্কার টাঙ্কফোর্স এ সংক্রান্ত চূড়ান্ত সুপারিশ প্রস্তুত করেছে।

আগামী ২৮ এপ্রিল ২০২৫ তারিখে দুপুর ৩:৩০ টায় বিএসইসি’র মাল্টিপারপাস হলে উক্ত চূড়ান্ত সুপারিশের বিষয়ে একটি প্রেস কনফারেন্সে আয়োজিত হবে। উক্ত প্রেস কনফারেন্সে পুঁজিবাজার সংস্কার টাঙ্কফোর্স উল্লেখিত চূড়ান্ত সুপারিশের বিষয়ে বিস্তারিত আলোচনা করবেন। উক্ত প্রেস কনফারেন্সে সকল সংবাদমাধ্যমের সংবাদকর্মীদের অংশগ্রহণের অনুরোধ জানানো যাচ্ছে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে

মোঃ আবুল কালাম

২৭/০৪/২০২৫

পরিচালক ও মুখ্যপত্র

